

ঝালকাঠি জেলা সদর পৌরসভার জন্য ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৮/১০/২০২৪ খ্রি. তারিখে সরকার কর্তৃক জারিকৃত খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ এর অনুবৃত্তিক্রমে জেলা কমিটির ২৯/১০/২০২৪ খ্রি. তারিখের সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ঝালকাঠি সদর পৌরসভায় খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) জন্য ৯ টি ওয়ার্ডের প্রতিটিতে ১ টি করে বিক্রয় কেন্দ্রের জন্য ১ (এক) জন করে ওএমএস ডিলার নিয়োগ করা হবে। ওয়ার্ডভিত্তিক ওএমএস বিক্রয়কেন্দ্রের নামসমূহঃ ১ নং ওয়ার্ড (টিটিসি সংলগ্ন), ২ নং ওয়ার্ড (ব্র্যাক মোড়), ৩ নং ওয়ার্ড (ঝালকাঠি বাসস্ট্যান্ড সংলগ্ন), ৪ নং ওয়ার্ড (সরকারী কলেজের দক্ষিণ পাশের রোড), ৫ নং ওয়ার্ড (শীতলাখোলা), ৬ নং ওয়ার্ড (কীর্তিপাশা মোড়), ৭ নং ওয়ার্ড (কিফায়েত নগর সং প্রাঃ বিদ্যালয় সংলগ্ন), ৮ নং ওয়ার্ড (বৈশ পট্টা), ৯ নং ওয়ার্ড (পুরাতন কলাবাগান)।

নিম্নবর্ণিত শর্তাবলী পালনপূর্বক যোগ্যতা সম্পন্ন আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

শর্তসমূহ

- ১। বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্ধ্বে যে কোন নাগরিক আবেদন করতে পারবেন।
- ২। আবেদনকারীকে ঝালকাঠি পৌরসভার হালনাগাদ ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
- ৩। আবেদনকারীকে খাদ্যশস্যের হালনাগাদ লাইসেন্সপ্রাপ্ত ব্যবসায়ী হতে হবে।
- ৪। আবেদনকারীর কমপক্ষে ০৩(তিন) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী নিরাপদ সংরক্ষণাগার থাকতে হবে।
- ৫। আবেদনকারীকে মালামালের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে।
- ৬। নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (ট্রাকে/ দোকানে) খাদ্যশস্য বিক্রয় করতে হবে।
- ৭। খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যে কোন অনিয়মের কারণে ডিলারশীপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
- ৮। খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোন পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও খাদ্য বান্ধব ডিলার হিসেবে কার্যরত কোন ব্যক্তি/তার উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলার হতে পারবেন না।
- ০৯। প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- ১০। কোন ব্যক্তি ওএমএস ডিলারশীপ প্রাপ্ত হলে “নিজ ডিলারশীপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না” মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে; এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশীপ বাতিল হবে।
- ১১। ওএমএস ডিলার লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।
- ১২। ওএমএসডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/ তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিক ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে।
- ১৩। খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০১৫ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিগণও নীতিমালা-২০২৪ মোতাবেক নতুনভাবে আবেদন করতে পারবেন। বিদ্যমান ডিলারের মধ্যে কেউ বর্তমান নীতিমালা অনুযায়ী যোগ্য বিবেচিত হলে তাকে ডিলার হিসেবে তালিকাভুক্তির জন্য বিবেচনা করা যাবে।
- ১৪। আবেদনকারীকে বর্ণিত যে কোন একটি বিক্রয় কেন্দ্রের অনুকূলে আবেদন করতে হবে। একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে নির্ধারিত সংখ্যার চেয়ে অধিক ডিলার প্রার্থী হলে যোগ্য আবেদনকারীদের উপস্থিতিতে লটারীর মাধ্যমে ডিলার নির্বাচন করা হবে।
- ১৫। ডিলার হিসেবে মনোনীত হলে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ফেরতযোগ্য জামানত পে- অর্ডার আকারে জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঝালকাঠি বরাবর জমা রাখতে হবে।
- ১৬। আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল হতে হবে।
- ১৭। আবেদনকারীকে ৫০০/- (পাঁচশত) টাকা খাদ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কোড “১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯- অন্যান্য আদায়” খাতে অটোমেটেড চালান (এ-চালান) মাধ্যমে জমা দিয়ে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঝালকাঠি হতে আবেদন ফরম ০৩/১১/২০২৪ খ্রি. তারিখ হতে ১৪/১১/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে সংগ্রহ করতে হবে। আবেদন ফরম পূরণ করে তার সহিত ক) চালানের মূল কপি, খ) ২ (দুই)কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, ঘ) নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি, ঙ) হালনাগাদ খাদ্য শস্য লাইসেন্সের সত্যায়িত কপি, চ) ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সনদ, ছ) ঝালকাঠি পৌরসভার হালনাগাদ ট্রেডলাইসেন্সের সত্যায়িত কপি, জ) অঙ্গীকারনামা, ঝ) ৩ মে.টনের অধিক খাদ্য শস্য ধারণক্ষম দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত দলিলাদির সত্যায়িত কপি সংযুক্ত পূর্বক মুখবন্ধ খামে ০৩/১১/২০২৪ খ্রি. তারিখ হতে ১৪/১১/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঝালকাঠি-তে জমা প্রদান করতে হবে। খামের উপর আবেদিত বিক্রয় কেন্দ্রের নাম, নিজ নাম, ঠিকানা ও মোবাইল নম্বর স্পষ্ট করে লিখতে হবে।
- ১৮। কর্তৃপক্ষ প্রয়োজনে ওএমএস ডিলার নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয় পরিবর্তন/পরিমার্জন অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৯। এই বিজ্ঞপ্তিটি জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঝালকাঠি-এর ওয়েব মেইল food.jhalakathi.gov.bd তে পাওয়া যাবে।

জেলা ওএমএস কমিটির অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

স্বাক্ষরিতঃ-

বি.এম শফিকুল ইসলাম
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ঝালকাঠি

ও

সদস্য সচিব, জেলা ওএমএস কমিটি, ঝালকাঠি।